# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৬৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৫৮]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ২৪. শেষ রাতে যিকর ও প্রার্থনা করা এবং দুআ কবুল হওয়ার আলোচনা

باب التَّرْغِيبِ فِي الدُّعَاءِ وَالذِّكْرِ فِي آخِرِ اللَّيْلِ وَالإِجَابَةِ فِيهِ

আরবী

حَدَّثَنِي حَجَّاجُ بْنُ الشَّاعِرِ، حَدَّثَنَا مُحَاضِرٌ أَبُو الْمُوَرِّعِ، حَدَّثَنَا سَعْدُ بْنُ سَعِيدٍ، قَالَ أَخْبَرَنِي ابْنُ مَرْجَانَةَ، قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَنْزِلُ اللَّهُ فِي السَّمَاءِ الدُّنْيَا لِشَطْرِ اللَّيْلِ أَوْ لِثُلُثِ اللَّيْلِ الآخِرِ فَيَقُولُ مَنْ يَدْعُونِي فَأَسْتَجِيبَ لَهُ أَوْ يَسْأَلُنِي فَأُعْطِيَهُ . ثُمَّ يَقُولُ مَنْ يُقْرِضُ غَيْرَ عَدِيمٍ وَلاَ ظَلُومٍ " . قَالَ مُسْلِمٌ ابْنُ مَرْجَانَةَ هُوَ سَعِيدُ بْنُ عَبْدِ اللَّهِ وَمَرْجَانَةُ أُمُّهُ

বাংলা

১৬৬০-(১৭১/...) হাজ্জাজ ইবনুশ শাইর (রহঃ) ..... ইবনু মারজানাহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আবূ হুরাররাহ (রাযিঃ)-কে বলতে শুনেছি, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রাতের অর্ধেকের সময় অথবা শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকতে মহান আল্লাহ দুনিয়ার আসমানে অবতরণ করে বলতে থাকেনঃ কে আছে আহবানকারী? (আহবান কর) আমি তার আহবানে সাড়া দান করব। কে আছে প্রার্থনাকারী? (প্রার্থনা কর) আমি দান করব। এরপর আল্লাহ তা'আলা বলতে থাকেনঃ এমন সত্তাকে কে কর্জ* দিবে যিনি কখনো ফকির বা দরিদ্র হবেন না বা যুলম করতে পারেন না?”

ইমাম মুসলিম বলেছেনঃ ইবনু মারজানাহ হলেন সাঈদ ইবনু আবদুল্লাহ। মারজানাহ্ তার মায়ের নাম। (ইসলামী ফাউন্ডেশন ১৬৪৫, ইসলামীক সেন্টার ১৬৫২)

## English

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) as saying:
Allah descends to the lowest heaven at half of the night or at one-third of the latter part and says: Who is there to supplicate Me so that I answer him? Who is there to ask Me so that I grant him? And then says: Who will lend to

One Who is neither indigent nor tyrant?

## ফুটনোট

* কর্জ বলতে সদাকাহ, সালাত, সওম, যিকর এবং আল্লাহ তা'আলার অন্যান্য আনুগত্যমূলক কাজসমূহ বুঝানো হয়েছে। এ সবের নাম মহান আল্লাহ কর্জ বলে অভিহিত করেছেন, আপন বান্দাদের প্রতি স্নেহ প্রকাশার্থে এবং উৎসাহ দানের জন্য যেন তারা আনুগত্যমূলক কাজসমূহ চালিয়ে যায়; কেননা প্রীতি ও প্রেমের সম্পর্ক থাকলেই কর্জ দান করা হয়। এক্ষেত্রে বান্দা নিশ্চিতরূপেই নিজ প্রদেয় কর্জ ফিরে পাবে বিধায় যেন সন্তুষ্টচিত্তে আমল চালিয়ে যায়। (মুসলিম শরহে নাযায়ী-১ম খণ্ড ২৫৮ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48415

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন